# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 FEBRUARY 2025** **7:45—7:55**

---

আজকের বিশেষ বিশেষ খবর হলো-

১) বেশ কয়েকটি প্রকল্প উদ্বোধনের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আগামী শনিবার আসাম সফর।

২) উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোকে বিকাশের চালিকা শক্তি হিসেবে গড়ে তোলার জন্য কেন্দ্রীয় বাজেটে রেকর্ড পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহানের প্রকাশের।

৩) ভোটদাতার তালিকা সম্পর্কীত দাবী আপত্তি ১৫ দিনের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেটকে আবেদনের মাধ্যমে অবগত করার জন্য রাজ্যের মুখ্য নির্বাচন আয়ুক্তের আহ্বান।

এবং

৪) রাজ্য সরকারের বিভিন্ন বিভাগের পদের জন্য বাছাই করা ১ হাজার ৮৭৯ জন প্রার্থীকে আজ নিযুক্তিপত্র প্রদান।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বেশকয়েকটি প্রকল্পের উদ্বোধনের উদ্দেশ্যে আগামী শনিবার আসামে আসবেন । প্রধানমন্ত্রী প্রথমে চাবুয়াস্থিত বায়ুসেনা ঘাটিতে উপস্থত হবেন এবং সেখান থেকে মরাণে যাবেন । মরাণে শ্রী মোদী জরুরীকালীন অবস্থায় বিমান অবতরণের জন্য বিশেষভাবে প্রস্তুত করা মহাসড়কে অবতরণ করবেন । অনুষ্ঠানের অংশ হিসেবে বেশকয়েকটি যুদ্ধ বিমানের মহাসড়কে অবতরন করার কথা রয়েছে । একাংশ বিমান আকাশে উড়ান কৌশলও প্রদর্শন করবে । সফরকালে প্রধানমন্ত্রী ব্রহ্মপুত্রের ওপর নির্মাণ করা গৌহাটী ও উত্তর-গৌহাটী সংযোগী কুমার ভাস্কর বার্মা সেতুটির উদ্বোধন করবেন । উদ্বোধনের পর প্রথম ১৫ দিন সেতুটি যান বাহন চলাচলের জন্য বন্ধ থাকবে । সেতুটিতে পয়লা মার্চ থেকে যানবাহন চলাচল করতে পারবে বলে মূখ্যমন্ত্রী সাংবাদিক সম্মেলনে জানান ।

শ্রীমোদী গৌহাটী উত্তর-গৌহাটী সংযোগকারী সেতু উদ্বোধনের পর গৌহাটীতে থাকা ভারতীয় ব্যাবস্থাপনা প্রতিষ্ঠান আই আই এমের অস্থায়ী প্রাঙ্গণ উদ্বোধন করবেন এবং কেন্দ্রীয় তহবিলে ক্রয় করা ১০০ রো অধিক বৈদ্যুতিক বাস রাজ্যসরকারকে অর্পণ করবেন । সেইসঙ্গে প্রধানমন্ত্রী আমিনগাঁওয়ে হাইপার স্কেল তথ্য কেন্দ্রের উদ্বোধন করবেন । সফরকালে প্রধানমন্ত্রী গৌহাটীতে বি জে পির দলীয় কর্মীদের এক বৈঠকেও অংশগ্রহণ করবেন ।

বাইট---মূখ্যমন্ত্রী

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন ও কৃষি তথা কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী সিবরাজ সিং চোহান ২০২৬-২৭ অর্থবছরের বাজেটকে ঐতিহাসিক এবং ভবিষ্যৎমুখী বাজেট বলে আখ্যা দিয়েছেন ।আজ গুয়াহাটীতে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় শ্রী চৌহান বলেন যে এবারের বাজেটে আসাম সহ উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোকে বিকাশের চালিকা শক্তি হিসেবে গড়ে তোলার জন্য রেকর্ড পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে কেন্দ্রীয় বাজেট অনুযায়ি অসাম কর হস্তান্তর প্রক্রিয়ার অংশ হিসেবে ৪৯ হাজার ৭২৫ কোটি টাকা লাভ করবে । বাজেটে আত্মসমর্পনকারী আলফা সদস্যদের পুননর্বাসনের জন্য ৫০০ কোটি টাকার বিশেষ প্যাকেজের ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান । গুয়াহাটী এবং ডিব্রুগড়ের উন্নয়নের জন্য বিশেষ প্যাকেজের অধীনে ৫ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে শ্রী চৌহান উল্লেখ করেন ।কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে উচ্চ প্রযুক্তিগত প্রয়োগের ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত বিরল খনিজ পদার্থের জন্য আসামে একটি পৃথক করিডোর গড়ে তোলা হবে ।তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরপূর্বাঞ্চলকে দেশের উন্নয়নের চালিকা শক্তি হিসেবে গণ্য করেন এবং এবারের বাজেটে এই অঞ্চলটির রেল পরিকাঠামো উন্নয়নের জন্য ১১ হাজার ৪৮৬ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে । দেশের গ্রামাঞ্চল , দুস্থ কৃষক , যুব প্রজন্ম এবং মহিলাদের কথা বিবেচনা করে বাজেট প্রস্তুত করা হয়েছে বলে শ্রী চৌহান মন্তব্য করেন ।কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রনালয় ২০২৬ রবি বর্ষের জন্য মূল্য সমর্থন প্রকল্পের অধীনে নূন্যতম সমর্থন মূল্যে ৬০ হাজার ৫০০ মেট্রিকটন শস্য ক্রয় করার ক্ষেত্রে আসাম সরকারের প্রস্তাবে অনুমোদন জানানো হয়েছে বলে শ্রী চৌহান জানান ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন বনাঞ্চলে উচ্ছেদ অভিযান চালিয়ে ১ লক্ষ ২৫ হাজার ৩২৬ বিঘা জমি দখলমুক্ত করা হয়েছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ মন্তব্য করেন । দিসপুরের লোকসেবা ভবনে এক সাংবাদিক সম্মেলনে সম্বোধন করে তিনি উচ্ছেদ সম্পর্কে

বিস্তারিত তথ্য জানান । তিনি বলেন যে এখন থেকে বনাঞ্চলে উচ্ছেদ চালানোর ক্ষেত্রে কোনো বাধা থাকবে না । উল্লেখ্য বনাঞ্চলে উচ্ছেদ চালানোর ক্ষেত্রে রাজ্যসরকারের অধিকার আছে বলে সুপ্রীম কোর্টের প্রদান করা নির্দেশের কথা তিনি সাংবাদিক সম্মেলনে অবগত করেন । বনভুমিতে চালানো উচ্ছেদ সম্পর্কে সুপ্রীম কোর্টে রুজু করা মামলার ভিত্তিতে ৩০০ জন আবেদনকারীর জমিতে সর্ব্বোচ্চ আদালত রাজ্যসরকারকে উচ্ছেদ না চালানোর নির্দেশ দিয়েছে । এর পরিপ্রেক্ষিতে নগাঁও ও গোলাঘাট জেলায় বনভূমির বেশকিছু এলাকায় রাজ্যসরকার উচ্ছেদ অভিযান বন্ধ রেখেছে বলেও মূখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু শিক্ষকদের বদলির উদ্দেশ্যে আজ একটি পোর্টেল চালু করেছেন । এক সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী একথা জানান । তিনি বলেন যে আসামে অন্যান্য রাজ্যের তুলনায় সরকারী খন্ডের শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা অধিক এবং শিক্ষক শিক্ষিকারা বিভিন্ন সময়ে বদলি চান । ২০১৭ সাল থেকে রাজ্যে আন্তঃজেলা বদলি প্রক্রিয়া আরম্ভ হবার বিষয়েও তিনি সাংবাদিক সম্মেলনে উল্লেখ করেন । রাজ্যের বিদ্যালয়সমূহের শিক্ষক শিক্ষিকাদের বদলির আইন ইতিমধ্যে সংশোধন করা হয়েছে বলে উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন বহিঃজেলায় কর্মরত মহিলা শিক্ষকেরা নূন্যতম ৫ বছর এবং পুরুষ শিক্ষকেরা ৭ বছর সেবা প্রদানের পর বদলির জন্য আবেদন করতে পারবেন । দিব্যাঙ্গ শিক্ষকের ক্ষেত্রে এই সময় দুই বছর ধার্য করা হয়েছে । স্বচ্ছ ও প্রযুক্তি চালিত বদলি প্রক্রিয়ার মাধ্যমে ২০২২ থেকে ২০২৬ সালের মধ্যে সমগ্র রাজ্যে ৪২ হাজার ৮১৩ জন শিক্ষকের বদলি সম্পন্ন করা হয়েছে বলে শিক্ষামন্ত্রী উল্লেখ করেন ।

চলতি মাসের মধ্যে লোয়ার প্রাইমারী ও আপার প্রাইমারী বিদ্যালয়ে ৪ হাজার ৫০০ টি পদে শিক্ষক নিযুক্তি দেওয়া হবে বলেও শ্রী পেগু জানান ।

---------------------------------------------------------------------------------

মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া পাহাড় জেলার থাংস্কো এলাকার অবৈধ কয়লা খনি বিস্ফোরণের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ৩০ হয়েছে । জেলাটির আয়ুক্ত মনিষ কুমার সাংবাদিকদের জানান যে গত ৫ ফেব্রুয়ারী সংঘঠিত এই বিস্ফোরণের ঘটনায় গত ৯ ফেব্রুয়ারী পর্যন্ত ২৮ জন শ্রমিকের মৃতদেহ উদ্ধার করা হয়েছিল । গত সোমবার শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দুজন শ্রমিকের মৃত্যু হওয়ার ফলে মৃতের সংখ্যা ৩০ জনে বৃদ্ধি পেয়েছে । চিকিৎসাধীন অবস্থায় মৃত দুজন শ্রমিক কাছাড় জেলার কাটিগড়ার রামচন্দ্র বৈষ্ণব এবং নিমারুদ্দিন বলে জানা গেছে ।

এদিকে ঘটনাস্থল থেকে মৃতদেহ উদ্ধার প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরিপ্রেক্ষিতে গত সোমবার সন্ধ্যা থেকে অভিযান বন্ধ করা হয়েছে জেলাটির প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে । জেলা প্রশাসন নিহত শ্রমিকদের নিকট আত্মীয়কে এককালীন সাহায্য প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে বলেও জেলা আয়ুক্ত জানান । এদিকে মেঘালয়ে ব্যাপক হারে অবৈধ এবং অসুরক্ষিত কয়লা খনন অব্যাহত থাকার বিষয়ে মেঘালয় হাইকোর্ট উদ্বেগ প্রকাশ করেছে ।

------------------------------------------------------------------------------------

রাজ্যের মুখ্য নির্বাচন আয়ুক্ত অনুরাগ গোয়েল বলেছেন যে নির্বাচনী পঞ্জিয়ন আধিকারীকের কোন সিদ্ধান্ত মনঃপুত না হলে ভোটদাতারা ১৫ দিনের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে দাবী আপত্তি সংক্রান্ত আবেদন জানাতে পারবেন । এর পরও সন্তুষ্ট না হলে ৩০ দিনের মধ্যে মুখ্য নির্বাচনী আধিকারীকের কাছে দ্বিতীয় আবেদন দাখিল করআ যাবে বলে আজ গুয়াহাটীত এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান ।-----------
-

বাইট- অনুরাগ গোয়েল---

রাজ্যে গতকাল প্রকাশিত বিশেষ সংশোধিত ছূড়ান্ত ভোটার তালিকা সম্পর্কে মত প্রকাশ করে মুখ্য নির্বাচন আয়ুক্ত শ্রী গোয়েল মার্চের প্রথম সপ্তাহে নির্বাচনের দিন ঘোষণা সম্ভাবনা রয়েছে বলে জানান ।

------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা রাজ্য সরকারের বিভিন্ন পদে বাছাই করা ১ হাজার ৮৭৯ জন প্রার্থীকে আজ নিযুক্তিপত্র প্রদান করেন । এ উপলক্ষে আজ খানাপারার জ্যোতিবিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।নব নিযুক্ত প্রার্থীদের অভিনন্দন জানিয়ে মুখ্যমন্ত্রী এপর্যন্ত ১ লক্ষ ৫৮ হাজার ৩৭৩ জন প্রার্থীকে নিযুক্তি প্রদান করা হয়েছে এবং আগামীতে এই কার্য অব্যাহত রাখতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে জানান ।আজ নিযুক্তি লাভ করা প্রার্থীদের মধ্যে লোক নির্মাণ বিভাগের কনিষ্ঠ বাস্তুকার পদে সর্বাধিক ৬৪২ জন , কৃষি উন্নয়ন আধিকারীক পদে ১৯৩ জন , জলসম্পদ বিভাগের কনিষ্ঠ বাস্তুকার পদে ১৪২ জন , হস্ত তাঁত বস্ত্রশিল্প তথা রেশম বিভাগে রেশম প্রদর্শক হিসেবে ১২৫ জন প্রার্থী রয়েছেন ।

------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার আনিপুর বাজার এলাকায় সিংলা নদীর উপর নির্মিত একটি আর সি সি সেতু হঠাৎ ভেঙ্গে পড়ায় ছয়টি যানবাহন সেতুর সঙ্গে নিচে পড়ে ক্ষতিগ্রস্থ হয় এবং দুজন ব্যাক্তি গুরুতরভাবে আহত হয়েছেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে

আজ হঠাৎ করে আনিপুর পূর্ত সড়কের মাঝামাঝি অংশে থাকা সেতুটি ভেঙ্গে পড়ে । সে সময় সেতুর উপর দিয়ে চলাচল করছিল দুটি মাটি বোঝাই ডাম্পার সহ কয়েটি ছোট চার চাকা ও দু চাকার যানবাহন । মুহুর্তের মধ্যে সেতু ভেঙ্গে পড়ায় যানবাহনগুলি নিচে পড়ে যায় এবং ব্যাপক আতঙ্কের সৃষ্টি হয় । দূর্ঘটনার পর স্থানীয় বাসিন্দারা দ্রুত উদ্ধারকাজে নেমে পড়েন এবং আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে । স্থানীয় বিধায়ক বিজয় মালাকার দ্রুত ঘটনাস্থলে পৌছেঁ জেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ করে বিহিত ব্যবস্থা গ্রহনের আহ্বান জানান ।

------------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে কাছাড় জেলায়ও আজ থেকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষা শুরু হয়েছে । এবছর জেলায় মোট ১৬ হাজার ৪শ ৯৬ জন পরীক্ষার্থী রয়েছে । এরমধ্যে ৭ হাজার ৭৮ জন ছাত্র এবং ৯ হাজার ৪শ ১৮ জন ছাত্রী রয়েছে ।

------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায়ও আজ থেকে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের চূড়ান্ত বর্ষের পরীক্ষা শুরু হয়েছে । শ্রীভূমি জেলায় এবছর উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় ১১ হাজার ৫শ ৪২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হয়েছে । এরমধ্যে ৪ হাজার ৭শ ২৬ জন ছাত্র এবং ৬ হাজার ৮শ ১৬ জন ছাত্রী । জেলার মোট ২০টি পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে পরীক্ষা সম্পন্ন করতে ২০ জন সেন্টার সুপারভাইজার নিয়োগ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্সের উদ্যোগে আগামী ২০ , ২১ ও ২২ শে ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে সায়েন্শিয়া ৬ পয়েন্ট জিরো বার্ষিক বিজ্ঞান উৎসবের আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে ইতিমধ্যে গতকাল থেকে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে বেডমিন্টন ও ক্যারাম প্রতিযোগীতা শুরু হয়েছে । এই প্রতিযোগীতা আগামী ১৮ই ফেব্রুয়ারী পর্য্যন্ত চলবে । এছাড়া সায়েন্টিয়া ৬ পয়েন্ট জিরোর মূল অনুষ্টানে বিজ্ঞান বিষয়ক আলোচনা সভা , বির্তক প্রতিযোগীতা , বিজ্ঞান প্রদর্শনী ইত্যাদি অনুষ্ঠিত হবে ।

------------------------------------------------------------------------------------------